# Times Today BD

মঞ্জুরুল ইসলাম | শিক্ষা | 26 June, 2025

ময়মনসিংহ শিক্ষাবোর্ডের অধিনে এইচএসসি পরীক্ষায় প্রথম দিনে অনুপস্থিত ছিলেন ৮৮০ জন শিক্ষার্থী।

বৃহস্পতিবার (২৬ জুন) সকাল ১০টা থেকে শুরু হওয়া বাংলা প্রথম পত্র পরীক্ষায় ৮৮০ জন শিক্ষার্থী অনুপস্থিত ছিলেন।এর মাঝে একজন শিক্ষার্থী বহিস্কার হয়েছেন।

ময়মনসিংহ শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক ড.মো.শহিদুল্লাহ এসব তথ্য নিশ্চিত করেছেন।

তিনি বলেন, এই বোর্ডের অধিনে চার জেলায় ১০৬টি কেন্দ্রে ২৯০টি শিক্ষাপ্রতিষ্ঠানের ৭৮ হাজার ৯৯৪ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করার কথা ছিল। তবে, চার জেলায় মোট ৮৮০ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করেননি। এর মাঝে শেরপুরে ৮৬ জামালপুরে ১৯০ নেত্রকোনায়১৮৬, ময়মনসিংহ ৪১৮ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিলেন।চার জেলার মাঝে ময়মনসিংহের গফরগাঁও উপজেলার আব্দুর রহমান ডিগ্রি কলেজে এক শিক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 20:40

URL: https://www.timestodaybd.com/education/3767775807